




চট্টগ্রাম বুধবার ১১ অক্টোবর ২০২৩

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত



বেজিং নম্বর-৮৮৮ | ০৮তম বর্ষ ২২২তম সংখ্যা | ২৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ | ২৫ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি | Wednesday 11 October 2023 | ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



আইআইইউসি'র তৃতীয় ছায়া জাতিসংঘ সম্মেলনে পারফরম্যান্সের ভিত্তিতে ডেলিগেটদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি

আইআইইউসি'র তৃতীয় ছায়া জাতিসংঘ সম্মেলন সম্পন্ন

আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ছায়া জাতিসংঘ ক্লাবের আয়োজনে তিনদিন ব্যাপী ছায়া জাতিসংঘ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, ইসলামি বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি ইন্টারন্যাশনাল স্কুলসহ সরকারি বেসরকারি স্বনামধন্য বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের দুই শতাধিক প্রতিনিধি অংশ গ্রহণ করে। আইআইইউসি ছায়া জাতিসংঘ সম্মেলনের প্রথম দিনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আ ফ ম আখতারুজ্জামান কায়সার ও প্রক্টর মো. ইফতেখার উদ্দিন। সম্মেলনে ইসলামী সহযোগিতা সংস্থা বা ওআইসি, জাতিসংঘ নিরাপত্তা পরিষদ, জাতিসংঘ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ, জাতিসংঘ পরিবেশ কর্মসূচি, ইউএন ওমেনসহ মোট ছয়টি কমিটির তিনদিনব্যাপী ধারাবাহিক অধিবেশন অনুষ্ঠিত হয়। সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইআইইউসি এর বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান ও চট্টগ্রাম-১৫ আসনের সাংসদ প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। বিশেষ অতিথি ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, রেজিস্ট্রার আ ফ ম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মো. ইফতেখার উদ্দিন। সমাপনী অনুষ্ঠানে সাকিব মাহমুদ শাহরিনের সঞ্চালনায় মো. খালেদ সাইফুল্লাহর কুরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়ে আমন্ত্রিত অতিথিরা বক্তব্য রাখেন। সম্মেলনে পারফরম্যান্সের ভিত্তিতে ডেলিগেটদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, উর্ধ্বতন কর্মকর্তা, আমন্ত্রিত অতিথি, শিক্ষক, সাংবাদিক, আয়োজক ক্লাবের অ্যালামনাই সদস্য, সেক্রেটারি বডি ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbokone, Date: 11 October 2023, Page: 3, Col: 1

<https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2023-10-11>



আইআইইউসি'র অনুষ্ঠানে প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি সহ অতিথিবৃন্দ

আইআইইউসি'র তৃতীয় ছায়া জাতিসংঘ সম্মেলন

আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ছায়া জাতিসংঘ ক্লাবের আয়োজনে তিন দিনব্যাপী ছায়া জাতিসংঘ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, ইসলামি বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি ইন্টারন্যাশনাল স্কুল সহ সরকারি বেসরকারি বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের দুই শতাধিক প্রতিনিধি অংশ গ্রহণ করে।

আইআইইউসি ছায়া জাতিসংঘ সম্মেলনের প্রথম দিনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবীর। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আ ফ ম আক্তারুজ্জামান কায়সার ও প্রক্টর মো. ইফতেখার উদ্দিন।

সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, রেজিস্ট্রার আ ফ ম আক্তারুজ্জামান কায়সার, প্রক্টর মো. ইফতেখার উদ্দিন।

সমাপনী অনুষ্ঠানে সাকিব মাহমুদ শাহরিনের সঞ্চালনায় মো. খালেদ সাইফুল্লাহর কুরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়ে আমন্ত্রিত অতিথিরা বক্তব্য রাখেন। সম্মেলনে পারফরম্যান্সের ভিত্তিতে ডেলিগেটদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbodosh, Date: 11 October 2023, Page: 2, Col: 1

<https://epurbodosh.com/m/79845/652597ea0e8f3>